# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট; মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ মিনহাজ সাহেব রাজনৈতিক দলের একজন বড় নেতা। জাতীয় সংসদ নির্বাচনে তার দল জোটবদ্ধ হয়ে নির্বাচনে অংশগ্রহণের সিদ্ধান্ত নেয়। তিনিসহ তার দলের অন্যান্য সিনিয়র নেতারা মনে করেন জোটবদ্ধ হয়ে নির্বাচনে অংশগ্রহণ নিলে তারা এবার সরকার গঠন করতে পারবেন। পাকিস্তান আমলে এরকম জোটবদ্ধ হয়ে নির্বাচনে অংশ নিয়ে জোটবদ্ধ দলগুলো বিপুল ভোটে জয়ী হয়েছিল।

ক. যুক্তফ্রন্ট কয়টি দল নিয়ে গঠিত হয়েছিল? ১

খ. ১৯৭০ সালের নির্বাচনের গুরুত্ব তুলে ধর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত পাকিস্তান আমলের নির্বাচনে বিজয়ী জোটের কর্মসূচি কী ছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. কেন্দ্রীয় সরকারের সদিচ্ছার ওপর প্রাদেশিক সরকারের স্থায়িত্ব নির্ভর করে— উদ্দীপকে উল্লিখিত জোট ও নির্বাচনের প্রেক্ষিতে বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২. ▶ রতনপুরে এক সময় এক একর জমিতে যে পরিমাণ ফসল উৎপাদন হতো এখন তার চেয়ে তিনগুণ বেশি উৎপাদিত হয়। তার কারণ আধুনিক যন্ত্রপাতি, সেচ ব্যবস্থা, সার প্রয়োগ, কীটনাশক প্রয়োগে ফসলের উৎপাদন বৃদ্ধি পেয়েছে। এছাড়া এলাকায় উৎপাদিত ফসলের সঠিক মূল্য পাচ্ছে কৃষকরা। তার কারণ রতনপুরের সাথে এখন বিভিন্ন শহরের যাতায়াতের উন্নত ব্যবস্থা রয়েছে।

ক. শিল্পায়ন কী? ১

খ. 'প্রাকৃতিক কারণে সামাজিক পরিবর্তন সাধিত হয়'— কথাটি বুঝিয়ে বল। ২

গ. বর্তমানে রতনপুরের চাষাবাদ পদ্ধতিতে সমাজ পরিবর্তনের যে উপাদানের প্রতিচ্ছবি প্রকাশিত হয়েছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. রতনপুরের উন্নয়নে যোগাযোগ ব্যবস্থা মুখ্য ভূমিকা পালন করছে— বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৩.▶ বেকারত্ব থেকে মুক্তি পেতে শিক্ষিত যুবক কামরুল ২০১১ সালে দক্ষিণ আফ্রিকায় গমন করে। সেখানে সে একটি ছোট মুদি ব্যবসা শুরু করে। সে লক্ষ করল আফ্রিকার ঐ এলাকায় ১২—১৩ বছর বয়সী ছেলেমেয়েরা নানা অপরাধের সাথে জড়িত। মানুষজন অতিমাত্রায় মদ পান করে। বিভিন্ন দেশের নাগরিকদের তাদের ব্যবসা প্রতিষ্ঠান থেকে জোরপূর্বক ধরে নিয়ে যায়। আবার সেখানকার অনেক যুবক বিভিন্ন কারণে নিজের প্রাণনাশ করে।

ক. দুই মাসের মধ্যে এইডস রোগীর ওজন শতকরা কত ভাগের বেশি কমে যায়? ১

খ. 'রক্তের এইচআইভি পরীক্ষা করে রক্ত গ্রহণ এইডস প্রতিরোধের অন্যতম উপায়'— কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের বিষয়গুলো পাঠ্যপুস্তকের কোন বিষয়ের সাথে সম্পর্কিত? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'উদ্দীপকের সমস্যাগুলো সৃষ্টির পেছনে রয়েছে নানা কারণ'— বিশ্লেষণ করো। ৪

৪.▶ নিশাত তাদের গাড়িতে করে স্কুলে যাওয়ার পথে হঠাৎ সিগন্যালে লালবাতি। নিশাতের ড্রাইভার গাড়ি থামালেও একটি পাজেরো কার ও সিএনজি চালিত অটোরিক্সা সিগন্যাল অমান্য করে সামনে এগিয়ে যায়। ট্রাফিক নিয়ন্ত্রণকারী কর্মকর্তা সিএনজি আটক করে ও মামলা করে। অন্যদিকে তার পাশ দিয়েই পাজেরো কারটি চলে যায়।

ক. বর্তমান তথ্য অধিকার আইনে কী নামে একটি স্বাধীন প্রতিষ্ঠান সৃষ্টি করা হয়েছে? ১

খ. আইনের দৃষ্টিতে সাম্য বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের ঘটনায় আইনের অনুশাসনের কোন দিকটি লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সুশাসন প্রতিষ্ঠায় আইনের অনুশাসন গুরুত্বপূর্ণ— উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

http://teachingbd.com

৫.▶ একটি টেলিভিশন টকশো অনুষ্ঠানে একজন উপস্থাপক, একজন সাংবাদিক, তিনটি রাজনৈতিক দলের ব্যক্তি এ দেশের রাজনীতি নিয়ে আলোচনা করছিলেন। তারা বিদ্যুৎ সমস্যা, দ্রব্যমূল্য বৃদ্ধি ও আইনশৃঙ্খলার অবনতি নিয়ে সরকারের সমালোচনার পাশাপাশি বিরোধী দলের হরতাল ও সংসদ বর্জনেরও সমালোচনা করেন। তাদের এ আলোচনায় রাজনীতি সচেতন অনেক টিভি দর্শক তাদের মতামত প্রদান করেন।


ক. জাতীয় সংসদের নির্বাচিত সদস্য কতজন? ১

খ. পরোক্ষ গণতন্ত্র বলতে কী বোঝ? ২

গ. টকশোটিতে গণতন্ত্রের যে গুণটি প্রকাশ পেয়েছে তা বর্ণনা কর। ৩

ঘ. উল্লিখিত আলোচনা উত্তম শাসনব্যবস্থার ইঙ্গিত বহন করে— বিশ্লেষণ করো। ৪

৬.▶




ক. সৌরজগতের ক্ষুদ্রতম গ্রহটির নাম কী? ১

খ. সৌরজগতের বৃহত্তম গ্রহটির একটি বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ২

গ. D ও F চিহ্নিত গ্রহ দুইটির তুলনামূলক আলোচনা কর। ৩

Teachingbd.com

ঘ. C চিহ্নিত গ্রহটিই প্রাণী ও উদ্ভিদের বাসযোগ্য— বিশ্লেষণ করো। ৪

৭.▶ মাইকেল মধুসূদন দত্তের 'কপোতাক্ষ' দেখতে গিয়েছিল অরণ্য। অবাক হয়ে সে লক্ষ করল এটাকে নদী বলার তো কোনো মানে নেই। তলানীতে সামান্য পানির ধারা। স্থানীয় লোকজনের সাথে কথা বলে অরণ্য জানতে পারে পূর্বে নদীটির এরূপ অবস্থা ছিল না। তাদের জীবন জীবিকাও আজকাল হুমকিতে রয়েছে। তারা জানায় মানুষই নদীটির এ অবস্থা করেছে।

ক. কর্ণফুলী নদীর দৈর্ঘ্য কত? ১

খ. বাংলাদেশের যেকোনো একটি নদীর গতিপথ ব্যাখ্যা করো। ২

গ. মানবসৃষ্ট কোন কোন কারণে কপোতাক্ষের এ অবস্থা? ব্যাখ্যা করো। ৩

ঘ. কপোতাক্ষের এ অবস্থা কি শুধুমাত্র পেশার ওপর প্রভাব বিস্তার করে? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৮.▶ পলাশ প্রতিদিন নিয়মিত বিদ্যালয়ে যায়। সে একটি সরকারি বিদ্যালয়ে ৯ম শ্রেণিতে পড়ে। বিদ্যালয়ে গিয়ে ফ্যান চালিয়ে দেয় আবার ক্লাস শেষে ফ্যান বন্ধ করে দেয়। সে পানির কল খোলা দেখলেই বন্ধ করে দেয়। সে তার নিজের ব্যাগ, কলম, ঘড়ি এসবেরও খুব যত্ন করে।

ক. সরকারি বিদ্যালয় কী ধরনের সম্পদ? ১

খ. 'সম্পদের পরিকল্পিত' ব্যবহার বলতে কী বোঝায়? ২

গ. বিদ্যালয়ে পলাশের এ ধরনের আচরণের কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. বিদ্যালয়ে পলাশের ব্যবহৃত বস্তুগুলোকে সম্পদ হিসেবে শ্রেণিবিভাগ করে যুক্তি দেখাও। ৪

৯.▶ সিরাজ একজন ক্ষুদ্র চাষি। তার পরিবারের সব সদস্যই কৃষিকাজের সাথে জড়িত। কিন্তু এ বছর সময়মত বৃষ্টি না হওয়ায় তার জমির ফসল নষ্ট হয়ে গেছে। ফলে পরিবার পরিজন নিয়ে সে খুব দুর্দশার মধ্যে পড়েছে।

ক. অনুন্নত দেশে কী ধরনের শিল্পের প্রাধান্য দেখা যায়? ১

খ. প্রাকৃতিক সম্পদের অপূর্ণ ব্যবহার বলতে কী বোঝ? ২

গ. সিরাজের পরিবারের দুর্দশার কারণটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যা কি এ ধরনের দেশের জনগণের একমাত্র সমস্যা? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd.com


সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড: | ১ | ৫ | ০ |

১. বাংলাদেশের অর্থনীতির চালিকাশক্তি কোনটি?
ক মূলধন খ শিল্প
গ কৃষি ঘ ব্যবসা

২. বাঙালির মুক্তির সনদ কোনটি?
ক ৬ দফা খ ১৫ দফা
গ ২১ দফা ঘ ৭ই মার্চের ভাষণ

৩. দশম শ্রেণির শিক্ষার্থী তরুণ অসুস্থ হওয়ায় তার পিতামাতা তাকে স্থানীয় সদর হাসপাতাল থেকে চিকিৎসা করিয়ে সুস্থ করে তোলে। তরুণের ক্ষেত্রে তার পরিবার কোন ভূমিকা পালন করে?
ক অর্থনৈতিক কাজ খ স্বাস্থ্যসেবা
গ অভিভাবকের কাজ ঘ বিনোদনের ব্যবস্থা

৪. সৈয়দ পরিবারের ছেলে বিপু তার সহপাঠী সোমা সৈয়দকে বিবাহ করে। বিপু-সোমার পরিবারে ১০ বছরের মাথায় সড়ক দুর্ঘটনায় সোমার মৃত্যু হলে বিপু রোজা সৈয়দকে বিবাহ করে—
i. একপত্নীক পরিবার ও জাত বিশুদ্ধতা রক্ষা
ii. বহুপত্নিক পরিবার ও আত্মীয়তা বৃদ্ধি
iii. বহুবিবাহ ও রক্তের বন্ধন ঠিক রাখা
নিচের কোনটি সঠিক?
ক ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii




৫. চিত্রে প্রদর্শিত 'A' স্থানের অক্ষাংশ কত ডিগ্রি?
ক ৩০° উত্তর খ ৬০° উত্তর
গ ৬০° দক্ষিণ ঘ ১২০° পূর্ব

৬. 'p' ও 'q' দুটি ভিন্ন স্থান। স্থান দুটির দ্রাঘিমা যথাক্রমে ৭৫° পূর্ব ও ৩০° পূর্ব। 'p' ও 'q' স্থান দুটির সময়ের ব্যবধান কত ঘণ্টা?
ক $\frac{১}{২}$ খ ১ গ ২ ঘ ৩


৭. শুক্র গ্রহে এসিড বৃষ্টি হয় কেন?
ক মিথেন গ্যাস বেশি থাকায়
খ নাইট্রাস অক্সাইড এর পরিমাণ বেশি থাকায়
গ সালফার ডাই-অক্সাইড কম থাকায়
ঘ কার্বন ডাই-অক্সাইডের পরিমাণ বেশি থাকায়

৮. বাংলাদেশের জলবায়ু সমভাবাপন্ন হওয়ার কারণ কী?
ক শুষ্ক ও আরামদায়ক শীতকাল এবং উষ্ণ আর্দ্র গ্রীষ্মকাল
খ ক্রান্তীয় মৌসুমি জলবায়ু ও জলীয়বাষ্পের প্রাধান্য
গ দীর্ঘ শীতকাল ও সংক্ষিপ্ত গ্রীষ্মকাল
ঘ সহনশীল তাপমাত্রা ও আরামদায়ক আবহাওয়া

৯. সবচেয়ে বেশি ভূমিকম্প প্রবণ অঞ্চল কোনটি?
ক জাপান খ বাংলাদেশ
গ চিলি ঘ হিমালয়

১০. বাংলাদেশের অভ্যন্তরীণ নৌপথে দেশের মোট বাণিজ্যিক মালামালের কত শতাংশ আনা নেওয়া করা হয়?
ক ৪০ খ ৫০ গ ৬০ ঘ ৭৫

নিচের চিত্রটি দেখো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:




বাংলাদেশের খণ্ডিত মানচিত্র

১১. 'A' চিহ্নিত নদীর উৎপত্তিস্থল কোথায়?
ক নাগা মণিপুরে খ লুসাই পাহাড়ে
গ মানস সরোবরে ঘ গাঙ্গোত্রী হিমবাহে

১২. 'B' অঞ্চলে ভয়াবহ সমস্যার সম্মুখীন সৃষ্টিকারী প্রভাবক কোনটি?
ক ঘূর্ণিঝড় খ খরা
গ ফারাক্কা বাঁধ ঘ টিপাইমুখী বাঁধ

১৩. গার্নারের দেওয়া সংজ্ঞায় রাষ্ট্রের কয়টি উপাদানের কথা উল্লেখ আছে?
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

১৪. শাওন দশম শ্রেণির শিক্ষার্থী, তার একমাত্র বোন, সরকারি চাকুরি করেন। শাওন তার বাবা-মায়ের রেখে যাওয়া সম্পদে আইনের কোন উৎস অনুযায়ী ভাগ পাবে?
ক ধর্ম খ প্রথা
গ সংবিধান ঘ জাতীয় সংসদ

১৫. যুক্তরাষ্ট্রের বিশ্বব্যাপী নেতৃত্ব প্রদানে কোনটির বিশেষ ভূমিকা আছে?
ক সার্বভৌমত্বের খ দেশরক্ষা বাহিনীর
গ রাজনৈতিক কর্তৃত্বের ঘ সরকারের

১৬. জাতিসংঘের মূল লক্ষ্য কী?
ক শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করা
খ মর্যাদা ও সার্বভৌমত্ব রক্ষা
গ বন্ধুত্ব ও সাম্য প্রতিষ্ঠা
ঘ বিরোধ মীমাংসা ও ঐক্য প্রতিষ্ঠা

১৭. ঐতিহাসিক আগরতলা মামলা প্রত্যাহার করার যথার্থ কারণ কোনটি?
ক সামরিক অভ্যুত্থান খ বহির্বিশ্বের হুমকি
গ ছাত্র ও গণআন্দোলন ঘ জাতিসংঘের অনুরোধ

১৮. মাতৃভাষা দিবসে শিক্ষক শিক্ষার্থীরা সমবেত কণ্ঠে 'আমার ভায়ের রক্তে রাঙানো ... গানটি' গেঁয়ে স্মৃতি স্তম্ভে পুষ্পার্পণ করেন।
উপরিউক্ত ঘটনার সাথে সাদৃশ্য রয়েছে—
i. ভাষা আন্দোলনের
ii. আব্দুল গাফফার চৌধুরীর
iii. বাঙালি জাতীয়তাবাদের
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. সংবিধান অনুযায়ী প্রধানমন্ত্রী কার নিকট কাজের জন্য জবাবদিহি করেন?
ক জনগণের খ ন্যায়পালের
গ সংসদের ঘ রাষ্ট্রপতির

teachingbd.com

২০. রাষ্ট্রীয় সংবিধানের অভিভাবক হিসেবে কাজ করে কোনটি?
ক) প্রধানমন্ত্রী খ) বিচার বিভাগ
গ) জাতীয় সংসদ ঘ) আইনমন্ত্রী

২১. গণতান্ত্রিক ব্যবস্থায় সাফল্যের প্রধান শর্ত কোনটি?
ক) রাজনৈতিক দল খ) সুষ্ঠু নির্বাচন
গ) আইনের শাসন ঘ) বিরোধী দল

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:**
নওমী বাংলাদেশস্থ ১টি আন্তর্জাতিক সংস্থায় চাকরি করে মেয়ে ও শিশু সমস্যার সমাধানে কাজ করে।


২২. নওমীর কর্মরত সংস্থার নাম কী?
ক) UNICEF খ) UNIFEM
গ) FAO ঘ) WHO

২৩. নওমীর কর্মরত সংস্থার কাজ হলো—
i. শিশুশ্রম বন্ধ করা ii. পুষ্টিহীনতা দূর করা
iii. রোগ প্রতিরোধের ব্যবস্থা করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. সোহেল তার সঞ্চিত অর্থ দিয়ে ব্যবসায়ের উদ্দেশ্যে একটি প্রাইভেট কার কিনল। অর্থনীতিতে প্রাইভেট কারটি হলো—
ক) সম্পদ খ) মূলধন
গ) বিনিয়োগ ঘ) বিলাসদ্রব্য

২৫. বর্তমান বিশ্বের সাথে সামঞ্জস্যপূর্ণ অর্থনৈতিক ব্যবস্থা কোনটি?
ক) মুক্তবাজার অর্থনীতি খ) ধনতান্ত্রিক অর্থনীতি
গ) সমাজতান্ত্রিক অর্থনীতি ঘ) মিশ্র অর্থব্যবস্থা

২৬. বাংলাদেশের জনগণের মাথাপিছু আয় ৯২৩ মার্কিন ডলার হিসেবে ১৫.৬০ কোটি জনসংখ্যার জন্য জাতীয় আয় কত কোটি মার্কিন ডলার?
ক) ১৪৩৯৮.৮০ খ) ২৩২৮৮.৩৮
গ) ২৭২৮৩.৮০ ঘ) ২৯৫৯৮.৮০



রেখাচিত্র : ১

২৭. অর্থনীতিতে রেখাচিত্র-১: এর সমগ্র প্রক্রিয়াকে কী বলে?
ক) রূপান্তর খ) উৎপাদন
গ) সংগঠন ঘ) সেবা

২৮. অর্থনীতিতে চূড়ান্ত দ্রব্য কোনটি?
ক) A খ) B
গ) C ঘ) D

২৯. 'M' দেশের জনগণের যদি PCI = ৩% বৃদ্ধি পায় এবং দ্রব্যমূল্য ২% বৃদ্ধি পায় তবে দেশটির ক্ষেত্রে প্রযোজ্য সঠিক তথ্য হলো—
i. জীবনযাত্রার মান বৃদ্ধি
ii. অর্থনৈতিক উন্নয়ন iii. প্রবৃদ্ধি অর্জন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. ক্ষতিকর দ্রব্যের ভোগ হ্রাসের উদ্দেশ্যে কী ধার্য করা হয়েছে?
ক) মাদক শুল্ক খ) বাণিজ্য শুল্ক
গ) আবগারি শুল্ক ঘ) মূসক

৩১. সামাজিক পরিবর্তনের কোন উপাদানটি নারীর ভূমিকায় পরিবর্তন এনেছে?
ক) প্রযুক্তি খ) নগরায়ণ
গ) যোগাযোগ ঘ) সংস্কৃতি

৩২. শহর অঞ্চলে বস্তি সৃষ্টির অন্যতম প্রধান কারণ কোনটি?
ক) নদীভাঙন খ) শিল্পায়ন
গ) পেশায় পরিবর্তন ঘ) দারিদ্র্যতা

৩৩. ভূমিহীন কৃষকের ছেলে অফিসের পিয়নের চাকরি পাওয়ার ৫ বছর পর প্রাসাদময় বাড়ির মালিক হওয়ার মাধ্যমে কোনটি প্রমাণ করে?
ক) নৈরাজ্য খ) দুর্নীতি
গ) অপরাধ ঘ) প্রতিষ্ঠা লাভ

**নিচের সারণিটি পড়ো এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও:**

| ক্রমিক নম্বর | খাতের মান | খাতের পরিচয়-p | খাতের পরিচয়-q |
|---|---|---|---|
| ১ | A | বাণিজ্য শুল্ক | শিক্ষা |
| ২ | B | ভূমি রাজস্ব | অবসর ভাতা |
| ৩ | C | বন | দূতাবাস স্থাপন |

৩৪. খাত 'p' দ্বারা সরকারের কোনটি নির্দেশ করে?
ক) আয় খ) ব্যয়
গ) কল্যাণ ঘ) সেবা

৩৫. 'q' এর জন্য প্রয়োজন—
i. A ii. B iii. C
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

৩৬. কৃষি ক্ষেত্রে পূর্ব পাকিস্তান ও পশ্চিম পাকিস্তানের মধ্যে কত বৈষম্য ছিল?
ক) ৫১% খ) ৫৬% গ) ৫৮% ঘ) ৮১%

৩৭. দ্বিবার্ষিক পরিকল্পনার প্রধান লক্ষ্য কী ছিল?
ক) জনসংখ্যা নিয়ন্ত্রণ খ) দারিদ্র্য বিমোচন
গ) খাদ্য উৎপাদন বৃদ্ধি ঘ) নিরক্ষরতা দূরীকরণ

৩৮. জেলা পরিষদে কতজন সংরক্ষিত মহিলা সদস্য থাকে?
ক) ৫ খ) ১০
গ) ১৫ ঘ) ২০

৩৯. জডির বাবা স্থানীয় সদর হাসপাতালে কর্মরত একজন চিকিৎসক। জডির বাবার কর্মরত প্রতিষ্ঠানটি অর্থনীতির কোন খাতের অন্তর্ভুক্ত?
ক) ব্যবসা খ) শিল্প
গ) সেবা ঘ) অর্থনৈতিক

৪০. দরিদ্র পিতামাতা কোনটিকে অলাভজনক কর্মকাণ্ড মনে করে?
ক) কায়িক শ্রমকে খ) সন্তান পালনকে
গ) সেবামূলক কাজকে ঘ) শিক্ষা গ্রহণকে

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ক | ৩ | খ | ৪ | ক | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | খ | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | খ |
| ২১ | খ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | গ | ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | ক | ৩৫ | ঘ | ৩৬ | গ | ৩৭ | খ | ৩৮ | ক | ৩৯ | গ | ৪০ | ঘ |

http://teachingbd.com